

## পরীক্ষা

# এসএসসিতে গেলবারের চেয়ে ৫০ হাজার পরীক্ষার্থী বেড়েছে

বিশেষ প্রতিবেদক ঢাকা



শিক্ষামন্ত্রী দীপু মনি ফাইল ছবি

এ বছরের এসএসসি ও সমমানের পরীক্ষায় বসছে পৌনে ২১ লাখ পরীক্ষার্থী। গতবারের তুলনায় এ বছর মোট পরীক্ষার্থী বেড়েছে ৫০ হাজার ২৯৫। এর মধ্যে বিজ্ঞানেই বেড়েছে ৩৭ হাজারের বেশি পরীক্ষার্থী।

আজ মঙ্গলবার রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এসএসসি ও সমমানের পরীক্ষা উপলক্ষে অনুষ্ঠিত আইনশৃঙ্খলাবিষয়ক সভা শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে এসব তথ্য জানান শিক্ষামন্ত্রী দীপু মনি।

৩০ এপ্রিল শুরু হচ্ছে এসএসসি ও সমমানের পরীক্ষা। ব্রিফিংয়ে জানানো হয়, এ বছর ৯টি সাধারণ শিক্ষা বোর্ড এবং মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড মিলিয়ে মোট ১১টি শিক্ষা বোর্ডে এ বছর মোট পরীক্ষার্থী ২০ লাখ ৭২ হাজার ১৬৩ জন। এর মধ্যে ৯টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীন এসএসসি পরীক্ষার্থী ১৬ লাখ ৪৯ হাজার ২৭৫ জন। এ ছাড়া মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন দাখিলে পরীক্ষার্থী ২ লাখ ৯৫ হাজার ১২১ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এসএসসি ভোকেশনাল পরীক্ষার্থী ১ লাখ ২৭ হাজার ৭৬৭ জন।

সংবাদ ব্রিফিংয়ে জানানো হয়, গত বছর ২০ লাখ ২১ হাজারের বেশি পরীক্ষার্থী অংশ নিয়েছিলেন। অর্থাৎ, এবার গেলবারের চেয়ে ৫০ হাজারের বেশি পরীক্ষার্থী বেড়েছে।

বিভাগভেদে (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা) পরীক্ষার্থীর তথ্য তুলে ধরে শিক্ষামন্ত্রী দীপু মনি বলেন, এ বছর বিজ্ঞান বিভাগের পরীক্ষার্থী ৫ লাখ ৪৪ হাজার ৫৭৪ জন। যা গত বছর ছিল ৫ লাখ ৭ হাজার ২৫৪ জন। এবার বিজ্ঞান বিভাগে ৩৭ হাজার ৩২০ জন পরীক্ষার্থী বেড়েছে।

এ সময় শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরীমসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।



---

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ব © ২০২৩ প্রথম আলো